



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ২১ ফেব্রুয়ারী ২০১৬

উদ্ধৃতি

“ এথেন্সে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মার্ত্ভাষা দিবস উদযাপন

বাংলাদেশ দূতাবাস এথেন্সে দূতাবাস প্রাঙ্গণে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বিস্তারিতভাবে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মার্ত্ভাষা দিবসের অনুষ্ঠানসমূহ পালন করেছে। মহান একুশের প্রথম প্রহরে দূতাবাসের পক্ষে গ্রীসে নিযুক্ত বাংলাদেশ রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন দূতাবাসে প্রথমবারের মত নির্মিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। অতঃপর বিভিন্ন রাজনৈতিক দল, বাংলাদেশি কমিউনিটি সমিতি, বাংলাদেশ-গ্রীস চেম্বার অব কমার্স, আঞ্চলিক সংগঠন, সাংস্কৃতিক ও সমাজ সেবী সংগঠনসমূহ একে একে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে। এসময় দূতাবাস প্রাঙ্গণে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিদের সমাগম ঘটে।

একুশে ফেব্রুয়ারি দিনভর দূতাবাস প্রাঙ্গণে ব্যাপক কর্মসূচির আয়োজন করা হয়। সকালে রাষ্ট্রদূত কর্তৃক জাতীয় পতাকা অর্ধনমিত করা হয়। এসময় উপস্থিত ছিলেন দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ এবং এথেন্সে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা। পতাকা অর্ধনমিত করার পরই শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মার্ত্ভাষা দিবস উপলক্ষে দূতাবাস প্রাঙ্গণে সকাল থেকেই মহান ভাষা আন্দোলন বিষয়ক ও দেশাত্মবোধক সংগীত পরিবেশন এবং প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

দূতাবাসের অনুষ্ঠানসূচির দ্বিতীয় পর্বে বিকেলে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়। এর পর রাষ্ট্রদূত দিবসটির তাৎপর্যের ওপর বক্তব্য রাখেন। তিনি গভীর শ্রদ্ধার সাথে ভাষা আন্দোলনের শহীদদের অমূল্য ভূমিকার কথা স্মরণ করেন। তিনি বলেন যে, প্রবাসী বাংলাদেশি এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বতঃস্ফূর্ত আগ্রহ ও ঐকান্তিক উদ্যোগের ফসল আন্তর্জাতিক মার্ত্ভাষা দিবস যা পৃথিবীর শতাধিক দেশ পালন করছে। তিনি আরো বলেন যে, সেদিন বেশি দূরে নয় যেদিন পৃথিবীর বিভিন্ন দেশের মানুষ ছুটে যাবে বাংলাদেশে, বঙ্গবন্ধুর সোনার বাংলা দেখার জন্য।

সন্ধ্যায় দূতাবাস প্রাঙ্গণে স্থানীয় শিশু-কিশোর ও স্থানীয় বাংলাদেশি শিল্পীদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে একুশের কবিতা, ছড়া আবৃত্তি, নৃত্য এবং সংগীত পরিবেশন করা হয়। এছাড়া, দূতাবাস প্রাঙ্গণে একুশের ওপর একটি বিশেষ আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। সেখানে মহান ভাষা আন্দোলন এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভূমিকার ওপর চিত্র প্রদর্শিত হয়। মহান একুশে ফেব্রুয়ারির অনুষ্ঠানসমূহ উপস্থিত প্রবাসী বাংলাদেশিদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সঞ্চার করেছে। ”

উদ্ধৃতি সমাপন

Tarikul Islam
27.02.16

Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd